# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড


ফোন ঃ
অফিস ঃ ৯৫১১২৯৩, ৯৫৫৫১৩৩
ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬৪৭৬৩

সচিবালয়
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

Phone :
Office : 9511293, 9555133
Fax : 88-02-9564763


স্মারক নং-বাপাউবো(সচি)/পরি-১/বিবিধ-৩/২০১৮(১ম খন্ড)/৬০৬ তারিখঃ ২৭-০৮-২০১৮ খ্রিঃ

**দপ্তরাদেশ**

"নোয়াখালী জেলাধীন চর ডেভেলপমেন্ট এন্ড সেটেলমেন্ট প্রজেক্ট -৪ (সিডিএসপি-৪) এর আওতায় নলের চর ও ক্যারিং চরে নির্মিত বাঁধ ও ডিএস-৩ (৭ ভেন্ট, ১.৫০ মি. x ১.৮০ মি.) স্লুইসের ভাটিতে মেঘনা নদীর ব্যাপক ভাঙ্গন রোধে অস্থায়ী প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়ন" শীর্ষক প্রকল্প গ্রহণে কারিগরি প্রতিবেদন প্রণয়নের নিমিত্ত নিম্নবর্ণিত বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ কারিগরি কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

| ক্রমিক নং | কর্মকর্তাদের নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নক্শা সার্কেল-৪, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব মোঃ ইনামুর রহমান, প্রধান কৃষিতত্ত্ববিদ, মুখ্য সম্প্রসারণ কর্মকর্তার দপ্তর, বাপাউবো, কুমিল্লা | সদস্য |
| ৩। | জনাব একেএম এনামুল হক, নির্বাহী প্রকৌশলী, গঙ্গা ব্যারেজ সমীক্ষা প্রকল্প, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাবা সালমা বেগম, উপ-প্রধান (সমাজবিজ্ঞান), প্রধান পানি ব্যবস্থাপনা দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | জনাব মোঃ রহমত আলী, উপ-প্রধান (মৎস্য), পরিকল্পনা-৩ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৬। | জনাব মোঃ আকবর হোসেন, সহ. প্রধান(পরিবেশ ও বন), প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৭। | জনাব মোঃ আলমগীর, গবেষণা কর্মকর্তা (অর্থনীতি), PMO-SWAIWRPMP, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৮। | জনাব মোহাম্মদ আলমগীর, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিবেশ, বন ও মৎস্য),ওয়ারপো, ঢাকা। | সদস্য |
| ৯। | জনাব মোঃ আমিরুল ইসলাম, পরিচালক সার্ভে এন্ড ডাটা ডিভিশন, আইডব্লিউএম, ঢাকা। | সদস্য |
| ১০। | জনাব ফয়সাল আহমেদ, জুনিয়র স্পেশালিস্ট, সিইজিআইএস, ঢাকা। | সদস্য |
| ১১। | নির্বাহী প্রকৌশলী, নোয়াখালী পও র বিভাগ, বাপাউবো, নোয়াখালী। | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধিঃ

ক) সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ স্থানীয় কৃষি অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর এবং প্রশাসনের সাথে আলোচনাপূর্বক বিষয়ভুক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) প্রস্তাবিত নদী/খালসমূহ ও তদসংশ্লিষ্ট এলাকায় নদী ভাঙ্গনের কারণ এবং নদীর গতি প্রকৃতি (Morphological Change) Site Plan এ প্রদর্শনপূর্বক বিস্তারিত বর্ণনা ও তার জন্য প্রয়োজনীয় প্রতিরক্ষা কাজ নির্ণয়/যাচাই করবেন;

গ) প্রকল্প এলাকায় অস্থায়ী প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট নদী/খালসমূহের (channels) নাব্যতা বৃদ্ধিকল্পে খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের সংস্থান, বিদ্যমান অবকাঠামোর পুর্নবাসন, সমন্বিত সমীক্ষা প্রস্তাবনাসহ অন্যান্য কাজের বা অবকাঠামো নির্মাণ/পুনঃনির্মাণের প্রয়োজন হলে তার যৌক্তিকতা নির্ধারণ করে সুপারিশ পেশ করবেন;

ঘ) খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের স্পয়েল ব্যবস্থাপনা সম্পর্কে নকশা অন্তর্ভুক্ত করে সুনির্দিষ্ট সুপারিশমালাসহ dredged fill এর ব্যবহার, পরিমাণ ও ব্যয় নিরূপণ করবেন;

ঙ) প্রযোজ্য ক্ষেত্রে কৃষি, বনায়ন, শিল্প, নেভিগেশন সেক্টরসহ মৎস্য ও জলজ প্রাণী এবং পাখি সংরক্ষণসহ সার্বিক জীব-বৈচিত্র্যের উপর প্রকল্পের প্রভাব সম্পর্কে সুস্পষ্ট মতামত প্রদান করবেন;

চ) বাপাউবো'র চলতি রেট সিডিউল অনুসারে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে প্রস্তুতকৃত অনুমোদিত নকশার ভিত্তিতে প্রস্তাবিত ভৌত কাজসহ সকল কাজসমূহের যথার্থতা নিরূপণ করে ব্যয় প্রাক্কলন প্রস্তুত করবেন এবং উক্ত প্রাক্কলন/নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

ছ) প্রকল্প এলাকায় বাপাউবো কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প বা অন্য কোন কার্যক্রমের সাথে প্রস্তাবিত প্রকল্পের কোন দ্বৈততা রয়েছে কিনা তা যাচাইপূর্বক মতামত প্রদান করবেন;

জ) কারিগরি দিক বিবেচনায় প্রস্তাবিত কাজগুলো Sustainable হবে কিনা সে বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান করবেন;

ঝ) প্রস্তাবিত কাজের জন্য সম্ভাব্য ব্যয় ও কি পরিমাণ সাশ্রয় হবে তা (টাকায় ও সম্পদে) নিরূপণ করবেন;

ঞ) প্রস্তাবিত প্রকল্প গ্রহণ আর্থিক দৃষ্টিকোণ থেকে যুক্তিযুক্ত কি না, তা বিশ্লেষণ করবেন;

ট) কমিটি পরিবেশ অধিদপ্তর হতে ছাড়পত্র প্রাপ্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

ঠ) বর্ণিত স্থান রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন;

ড) কমিটি WARPO Guidelines অনুসরণ করবেন।

২। কমিটি সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ কারিগরি সমীক্ষা প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন এবং প্রয়োজনে দাখিলকৃত প্রতিবেদন চুড়ান্তকরনের জন্য বোর্ডে অনুষ্ঠিতব্য সভায় আলোচনার জন্য পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনসহ উপস্থাপন করবেন।

৩। মূল প্রতিবেদনের **Soft Copy(Text)** অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের **adgpl.bwdb@gmail.com** ঠিকানায় **E-mail** যোগে প্রেরণ করবেন।

৪। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

২৭/০৮/১৮
(মোঃ সামিউল ইসলাম খান)
উপ-সচিব (পরিকল্পনা)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ঢাকা।

৪০২২ ০০১৮-১৮

চলমান পৃষ্ঠা-২

**বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ**

১। প্রধান মনিটরিং, বাপাউবো, ঢাকা (দৃঃআঃ সিস্টেম এনালিস্ট)। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নক্‌শা সার্কেল-৪, বাপাউবো, ঢাকা।
৩। জনাব মোঃ ইনামুর রহমান, প্রধান কৃষিতত্ত্ববিদ, মুখ্য সম্প্রসারণ কর্মকর্তার দপ্তর, বাপাউবো, কুমিল্লা
৪। জনাব একেএম এনামুল হক, নির্বাহী প্রকৌশলী, গঙ্গা ব্যারেজ সমীক্ষা প্রকল্প, বাপাউবো, ঢাকা।
৫। জনাবা সালমা বেগম, উপ-প্রধান (সমাজবিজ্ঞান), প্রধান পানি ব্যবস্থাপনা দপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। জনাব মোঃ রহমত আলী, উপ-প্রধান (মৎস্য), পরিকল্পনা-৩ পরিদপ্তর; বাপাউবো, ঢাকা।
৭। জনাব মোঃ আকবর হোসেন, সহ. প্রধান(পরিবেশ ও বন), প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।
৭। জনাব মোঃ আলমগীর, গবেষণা কর্মকর্তা (অর্থনীতি), PMO-SWAIWRPMP, বাপাউবো, ঢাকা।
৮। জনাব মোহাম্মদ আলমগীর, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিবেশ, বন ও মৎস্য), ওয়ারপো, ঢাকা।
৯। জনাব মোঃ আমিরুল ইসলাম, পরিচালক সার্ভে এন্ড ডাটা ডিভিশন, আইডব্লিউএম, ঢাকা।
১০। জনাব ফয়সাল আহমেদ, জুনিয়র স্পেশালিস্ট, সিইজিআইএস, ঢাকা।
১১। নির্বাহী প্রকৌশলী, নোয়াখালী পও র বিভাগ, বাপাউবো, নোয়াখালী।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ**

১। মহাপরিচালক, ওয়ারপো, ঢাকা।
২-৩। প্রধান পরিকল্পনা/পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।
৪-৫। প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল/নকশা, বাপাউবো, কুমিল্লা/ঢাকা।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফেনী পওর সার্কেল, বাপাউবো, ফেনী।
৭-৮। পরিচালক/প্রকল্প পরিচালক, পরিকল্পনা-৩/ গঙ্গা ব্যারেজ সমীক্ষা প্রকল্প, বাপাউবো, ঢাকা।
৯। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
১০-১১। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/ইস্টার্ন রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
১২-১৩। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম/ সিইজিআইএস, ঢাকা।

T-18
ডায়েরী নং ১১০৭ তারিখঃ ২৯/০৮/১৮
পরিচালক প্রসেসিং
পরিচালক (অর্থনীতি)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
নির্বাহী প্রকৌশলী-১/২/৩/৪
উপ-পরিচালক (প্রশাসন)
সিস্টেম এনালিস্ট
সহকারী পরিচালক
কম্পিউটার
❖ জরুরী/অতি জরুরী
❖ উপস্থাপন করুন
❖ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
❖ নথিতে পেশ করুন
❖ আলোচনা করুন
❖ নথিতে রাখুন
❖ তাগিদ পত্র দিন
চীফ মনিটরিং
বাপাউবো, ঢাকা।